

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭০৫

আগরতলা, ১৭ নভেম্বর, ২০২৩

পশ্চিম জেলাভিত্তিক কলা উৎসব

মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ে আজ থেকে শুরু হলো দু'দিনব্যাপী আয়োজিত পশ্চিম জেলাভিত্তিক কলা উৎসব ২০২৩। বিদ্যালয়ের অডিটোরিয়ামে আজ জেলাভিত্তিক এই কলা উৎসবের সূচনা করে আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার বলেন, কলা উৎসব হলো মাধ্যমিক পর্যায়ের স্কুল ছাত্রছাত্রী ও দিব্যঙ্গজন ছাত্রছাত্রীদের সুপ্ত প্রতিভার সার্বিক বিকাশের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। এর মাধ্যমে ছাত্রছাত্রীদের মেধার বিকাশ যেমন ঘটে তেমনি গতানুগতিক পুঁথিগত শিক্ষার পাশাপাশি শিক্ষা ব্যবস্থায় এক বৈচিত্র্যও নিয়ে আসে। সেই সাথে প্রাচীন কৃষ্টি সংস্কৃতির বিকাশের ধারাবাহিকতাও বজায় থাকে। ছাত্রছাত্রীদের একটি সুদৃঢ় ভবিষ্যৎ গড়ার ক্ষেত্রও এর মাধ্যমে তৈরি হয়। তিনি কলা উৎসবে মাধ্যমিকস্তরের সমস্ত ছাত্রছাত্রীদের সক্রিয় অংশগ্রহণ করার আহ্বান জানান। অভিভাবক ও শিক্ষক শিক্ষিকাদেরও তিনি ছাত্রছাত্রীদের এই কলা উৎসবে আরও বেশি করে আগ্রহী ও অনুপ্রাণিত করে তোলার জন্য উদ্যোগ নিতে পরামর্শ দেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের ২০ নং ওয়ার্ডের কর্পোরেটর রত্না দত্ত। এছাড়া অনুষ্ঠানে কলা উৎসবের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন রাজ্য প্রাথমিক শিক্ষা অধিকর্তা শুভাশিস বন্দ্যোপাধ্যায় ও সমগ্র শিক্ষার অধিকর্তা এন সি শর্মা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষা আধিকারিক রূপেন রায়। সভাপতিত্ব করেন মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক নন্দন সরকার। দু'দিনব্যাপী আয়োজিত এই কলা উৎসবে পশ্চিম জেলার ৩৯৮ জন ছাত্রছাত্রী ১০টি ইভেন্টে সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। এই প্রতিযোগিতাগুলির মধ্যে রয়েছে ক্যাসিকেল ও ট্রেডিশনাল ফোক (ভোকাল মিউজিক) বিভিন্ন যন্ত্র সংগীত, লোকনৃত্য, আদিবাসী বিভিন্ন ক্রীড়ানুষ্ঠান, ভিসুয়াল আর্ট ২ডি ও ৩ডি এবং একাংক নাটক প্রতিযোগিতা।

\*\*\*\*\*